**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত সরকর বিভিন্ন সুযোগ সুবিধা পৌঁছে দেবার জন্য রাজ্য সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে।**

**(২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৬ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা ফেব্রুয়ারি মাসের শেষ সপ্তাহে শুরু হবে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১১ই অক্টোবর সারা দেশে 'মিশন ফর আত্মনির্ভরতা ইন পালসেস' এবং 'জন ধন কিষাণ যোজনা'-র সূচনা করবেন।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে, দেশের ডিজিটাল ইকোসিস্টেম উদ্ভাবন এবং অন্তর্ভুক্তির জন্য বিশ্বব্যাপী মান নির্ধারণ করছে ।**

**(৫) গোয়ালিয়রে মেয়েদের জাতীয় সিনিয়র টি-২০ ক্রিকেটের দ্বিতীয় ম্যাচে আজ ত্রিপুরা জয়লাভ করেছে ।**

**********************************************

**CM-Jampuijala :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত সরকর বিভিন্ন সুযোগ সুবিধা পৌঁছে দেবার জন্য রাজ্য সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। আজ জম্পুইজলা ব্লকের প্রভাপুরে ৪৮০ আসন বিশিষ্ট একলব্য মডেল আবাসিক স্কুলের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, আধুনিক শিক্ষায় শিক্ষিত হলেও নিজেদের কৃষ্টি সংস্কৃতি পরম্পরাকে বজায় রাখতে হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা ও বিধায়ক মানব দেববর্মা। ৬০ জন ছাত্রছাত্রীকে নিয়ে এই আবাসিক স্কুলটির প্রথম বর্ষের পঠনপাঠন শুরু হয়েছে।

*****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৬ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা ফেব্রুয়ারি মাসের শেষ সপ্তাহে শুরু হবে। তার জন্য যাবতীয় প্রস্তুতি শুরু হয়ে গেছে। পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয়গণ চৌধুরী আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন। তিনি জানান, আগামী ১৫ই নভেম্বর থেকে ৫ই ডিসেম্বর পর্যন্ত চলবে প্র্যাকটিক্যাল পরীক্ষা। তিনি জানান, পর্ষদ পরিচালিত মাধ্যমিক উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফি ছয়টি ক্যাটাগরিতে বাড়ানো হয়েছে। আগামীকাল থেকে তা কার্যকর হচ্ছে। এই বর্ধিত হার হল মাধ্যমিকে পাঁচটি বিষয়ে পরীক্ষার ফি ৩০০ টাকা। সঙ্গে ভোকেশনাল ফি ৭৫ টাকা। সবমিলিয়ে মোট ৩৭৫ টাকা। উচ্চমাধ্যমিকে পরীক্ষার ফি ৪০০ টাকা। প্র্যাকটিক্যাল প্রতিটি বিষয়ে ফি দিতে হবে ৭৫ টাকা করে। মাধ্যমিকের ও উচ্চমাধ্যমিকে রেজিস্ট্রেশনের ক্ষেত্রেও ১১০ টাকা থেকে বেড়ে হয়েছে টাকা ২১০ টাকা। যে ছয়টা ক্যাটাগরিতে ফি বাড়ানো হয়েছে সেগুলি হল অ্যাপ্লিকেশন ফর্ম, রেজিস্ট্রেশন, প্রাক্টিকাল পরীক্ষা ফি, সেন্টার ফি, রিভিউ ফি।

*************************

**Mission for Aatmanirbharta in Pulses :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১১ই অক্টোবর সারা দেশে ‘মিশন ফর আত্মনির্ভরতা ইন পালসেস’ এবং ‘জন ধন কিষাণ যোজনা’-র সূচনা করবেন। এর প্রস্তুতি হিসেবে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ নয়াদিল্লি থেকে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বিভিন্ন রাজ্যে কৃষিমন্ত্রীদের সঙ্গে বৈঠক করেন। রাজ্যের কৃষিমন্ত্রী রতনলাল নাথও এই বৈঠকে অংশ নেন। বৈঠক শেষে তিনি জানান, এই দুটি কর্মসূচির সূচনায় রাজ্যে মূল অনুষ্ঠানটি আগরতলার এ.ডি নগরের স্টেট এগ্রিকালচার রিসার্চ স্টেশনে। তাছাড়া প্রতিটি জেলা সদর, মহকুমা এবং ব্লক পর্যায়েও ঐদিন অনুষ্ঠানের আয়োজন করা হবে। রাজ্যস্তরের মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী

অধ্যাপক ডা: মানিক সাহা। কৃষিমন্ত্রী শ্রী নাথ আরো জানান, আজকের বৈঠকে জৈব ও প্রাকৃতিক চাষাবাদ কৃষি নিয়েও বিস্তারিত মতবিনিময় হয়।

*****************************

**Package Story–Tobacco Free Youth Campaign :**

সারাদেশে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের সঙ্গে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক আজ যৌথভাবে তৃতীয় পর্যায়ের তামাকমুক্ত যুব প্রজন্ম অভিযানের সূচনা করেছে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক জানিয়েছে, এই জাতীয় অভিযানটি কেন্দ্রীয় সরকারের তামাকমুক্ত যুবপ্রজন্মের ভাবনা বাস্তবায়নে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে চিহ্নিত হবে। একটি প্রতিবেদন।

#######VC######

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে, দেশের ডিজিটাল ইকোসিস্টেম উদ্ভাবন এবং অন্তর্ভুক্তির জন্য বিশ্বব্যাপী মান নির্ধারণ করছে। আজ সন্ধ্যায় মুম্বাইয়ে গ্লোবাল ফিনটেক ফেস্ট ২০২৫-এ ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন, প্রযুক্তির গণতন্ত্রীকরণের কারণে ভারত সবচেয়ে প্রযুক্তিগতভাবে অন্তর্ভুক্ত সমাজগুলির মধ্যে একটি। তিনি বলেন, দেশে প্রতি মাসে UPI-এর মাধ্যমে ২৫ লক্ষ কোটি টাকা মূল্যের ২০ বিলিয়ন লেনদেন হচ্ছে।

গ্লোবাল ফিনটেক ফেস্টে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কেয়ার স্টারমার যুক্তরাজ্য এবং ভারতের অংশীদারীত্বের  উল্লেখ করে উভয় দেশকে ফিনটেকের ক্ষেত্রে বিশ্বনেতা বলে অভিহিত করেন। তিনি বলেন, ভারত-যুক্তরাজ্য মুক্ত বাণিজ্য চুক্তি উভয় দেশের জিডিপি বৃদ্ধি করবে। তিনি এই চুক্তিকে উভয় দেশের জন্য একটি বিশাল জয় বলে অভিহিত করেছেন।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভারত-ব্রিটেন সি ই ও ফোরামে সি ই টি এ বা সম্প্রসারিত আর্থিক এবং বাণিজ্যিক চুক্তির প্রসঙ্গ তুলে ধরেন।

#####Byte-PM#####

*************************

**Bullet Train :**

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বিশ্বব্যাপী চ্যালেঞ্জের মধ্যেও একটি বিকশিত  ভারত গড়ে তোলার উপর জোর দিয়েছেন। আজ গুজরাটের মেহসানায় প্রথমবারের মতো ভাইব্র্যান্ট গুজরাট আঞ্চলিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে মন্ত্রী গুজরাটের উল্লেখযোগ্য শিল্প অগ্রগতি তুলে ধরেন।

শ্রী বৈষ্ণো আরও ঘোষণা করেন যে ভারতের প্রথম বুলেট ট্রেন ২০২৭ সালের আগস্টের মধ্যে চালু হবে বলে আশা করা হচ্ছে।  উদ্বোধনী ভাষণে মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল বলেন যে, ভাইব্র্যান্ট গুজরাট বিনিয়োগ শীর্ষ সম্মেলনের মাধ্যমে গত ২৪ বছরে রাজ্য ৬৮.৯ বিলিয়ন মার্কিন ডলার মূল্যের বিনিয়োগ আকর্ষণ করেছে। তিনি বলেন, গুজরাট আজ দেশের শিল্প উৎপাদনের ১৮ শতাংশ এবং দেশের রপ্তানির ২৭ শতাংশ অবদান রাখে।

****************************

**Nobel prize for literature :**

এই বছর সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন হাঙ্গেরিয়ান লেখক লাসলো ক্রাজনাহোরকাই। আজ সুইডিশ অ্যাকাডেমি এই পুরস্কার ঘোষণা করেন। তিনি ২০১৫ সালে ম্যান বুকার ইন্টারন্যাশনাল পুরস্কার এবং ২০১৯ সালে ন্যাশনাল বুক অ্যাওয়ার্ড ফর ট্রান্সলেটেড লিটারেচার পুরস্কার পেয়েছেন।

***************************

**Shivraj Singh Chouhan :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান ভারতকে বিশ্বের খাদ্য ঝুড়িতে পরিণত করার জন্য স্বনির্ভর কৃষি এবং শিল্প সহযোগিতার উপর জোর দিয়েছেন। তিনি আজ নতুনদিল্লিতে পিএইচডি চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির ১২০তম বার্ষিক অধিবেশনে ভাষণ দেওয়ার সময় একথা বলেন। মন্ত্রী আরও বলেন যে, "বসুধৈব কুটুম্বকম - বিশ্ব এক পরিবার" - এই ভারতীয় নীতি বিশ্বব্যাপী উন্নয়নের দিকে দেশের দৃষ্টিভঙ্গিকে পরিচালিত করে চলেছে। তিনি আরও বলেন যে, সর্বজনীন সদিচ্ছার এই চেতনা ভারতীয় সভ্যতাকে সংজ্ঞায়িত করে। এটি স্বার্থপরতার দর্শন নয়, বরং সমষ্টিগত কল্যাণের দর্শন।

শ্রী চৌহান উল্লেখ করেন যে দেশের জনসংখ্যার প্রায় ৪৬ শতাংশ কৃষিতে নিযুক্ত। তিনি জনগণকে স্বদেশী পণ্য গ্রহণের আহ্বান জানান।

*****************************

**Women's Cricket :**

গোয়ালিয়রে মেয়েদের জাতীয় সিনিয়র টি-২০ ক্রিকেটের দ্বিতীয় ম্যাচে আজ ত্রিপুরা জয়লাভ করেছে। ক্যাপ্টেন রূপ সিং স্টেডিয়ামে এলিট পুলে গ্রুপের খেলায় রাজ্যদল ৪৮ রানে হায়দ্রাবাদকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১০৮ রান করে। জবাবে হায়দ্রাবাদ ১৪ ওভারে ৬০ রানে সবাই আউট হয়ে যায়।

*************************

**Vinu Mankar Cricket :**

ভিনু মানকর ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের গ্রুপের প্রথম খেলায় আজ ত্রিপুরা পরাজিত হয়েছে। দেরাদুনের অভিমন্যু ক্রিকেট একাডেমিতে উদ্বোধনী দিনের খেলায় হিমাচল প্রদেশ ৯১ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে হিমাচল প্রদেশ ৪৯ ওভার ৫ বল-এ সবকটি উইকেট হারিয়ে ২৩৮ রান করে। জবাবে রাজ্যদল ৩৯ ওভার ১ বল-এ ১৪৭ রানে সবাই আউট হয়ে যায়।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৪ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৩.৬ ডিগ্রী সেলসিয়াস।

***************************